



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সৈয়দপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
সৈয়দপুর, নীলফামারী।



Web: www.Syedpurtschool.gov.bd
E-mail: saidpurtschool25@gmail.com

নোটিশ

তারিখ : ০১/০৪/২০২৩ খ্রিঃ

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের ২০২৩ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে দশম শ্রেণির সকল শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, ইউনিক আইডি প্রদান সংক্রান্ত শিক্ষার্থীদের প্রোফাইল ও ডাটাবেজ প্রনয়ণের লক্ষ্যে শিক্ষার্থীদের তথ্যফরম পূরণ করা প্রয়োজন। ফরম সংগ্রহ করে আগামী ০৫/০৪/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে প্রতিষ্ঠানে জমা দেওয়ার জন্য বলা হলো। উক্ত সময়ের মধ্যে যদি কোন শিক্ষার্থী ফরম জমা দিতে ব্যর্থ হয় তা হলে প্রতিষ্ঠান দায়ী থাকবে না।

ফরম জমার সময় ফরমের সঙ্গে যেসকল ডকুমেন্ট প্রয়োজন সেই সকল ডকুমেন্টের নাম নিম্নে বর্ণিত হলো:-

- ১। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-০২কপি। (ছবির পিছনের ব্যাকগ্রাউন্ড সাদা এবং ছবি গাম দিয়ে সংযুক্ত করা যাবে না।)
- ২। শিক্ষার্থীদের জন্ম নিবন্ধনের ফটোকপি-০১কপি। (অনলাইন কপি)
- ৩। শিক্ষার্থীর রক্তের গ্রুপ সনাক্তের মেডিকেল রিপোর্টের ফটোকপি-০১কপি।
- ৪। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি -০১+০১কপি (পরিচয়পত্রের অপরপৃষ্ঠায় পিতা ও মাতার মোবাইল নম্বর লিখতে হবে।)
- ৫। পিতা ও মাতার জন্ম নিবন্ধনের ফটোকপি (যদি থাকে) -০১+০১ কপি। (অনলাইন কপি)
- ৬। পিতা ও মাতা উভয়েই জীবিত না থাকলে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-০১কপি।
- ৭। প্রাথমিক/ ইবতেদায়ী সমাপনী পরীক্ষার সনদের ফটোকপি -০১কপি। (ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীর জন্য)
- ৮। পিইসি/ ইবতেদায়ী সমাপনী পরীক্ষার নম্বরপত্র (ট্রান্সক্রিপ্ট) এর ফটোকপি -০১কপি। (ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীর জন্য)
- ৯। শিক্ষার্থীর জেএসসি/ জেডিসি রেজিস্ট্রেশনের ফটোকপি- ০১কপি। (নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীর জন্য)
- ১০। জেএসসি/ জেডিসি পরীক্ষার নম্বরপত্র (ট্রান্সক্রিপ্ট)এর ফটোকপি -০১কপি। (নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীর জন্য)
- ১১। শিক্ষার্থী প্রতিবন্ধী হলে প্রতিবন্ধী সার্টিফিকেটের ফটোকপি -০১কপি।

01-04-2023

(প্রকৌশলী এ. কে. এম. মোস্তাফিজুর রহমান)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সৈয়দপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
সৈয়দপুর, নীলফামারী।